গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
www.nbr.gov.bd

তারিখঃ ২২/০৩/২০১৫ ইং।

## প্রেস বিজ্ঞপ্তি

জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় ১৯৯২ সনে ব্রাজিলের রিও ডি জেনিরো-তে অনুষ্ঠিত ধরিত্রী সম্মেলনে United Nations Framework Convention on Climate Change (UNFCCC) গৃহীত হয়। ১৯৯৪ সনে জাতিসংঘের জলবায়ু কনভেনশন বা UNFCCC তার কার্যক্রম শুরু করে। বর্তমানে বিশ্বের ১৯৫টি দেশ UNFCCC এর সদস্য। জাতিসংঘের জলবায়ু কনভেনশনে যাত্রা শুরু থেকেই বাংলাদেশ স্বল্পোন্নত বা Least Developed Countries এর পক্ষে জোরালো ভূমিকা পালন করে আসছে। বিশেষ করে ২০০৯ সনে ডেনমার্কের কোপেনহেগেন-এ অনুষ্ঠিত (Conference of Parties, COP) কপ-১৫ এ বাংলাদেশের প্রধানমন্ত্রীর জোরালো ভূমিকা সারা বিশ্বে প্রশংসিত হয়েছে। বিগত ২৩শে সেপ্টেম্বর ২০১৪ তারিখে জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিত বিশ্ব জলবায়ু সম্মেলনে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ভূমিকা ও বক্তব্য সর্বমহলে ব্যাপকভাবে আলোচিত ও প্রশংসিত হয়েছে। এরই ধারাবাহিকতায় গত অক্টোবর ২০১৪ তে জেনেভায় অনুষ্ঠিত আন্তর্জাতিক জলবায়ু পরিবর্তন নেগোসিয়েশন এবং গত ডিসেম্বর, ২০১৪ তে পেরুর লিমায় অনুষ্ঠিত কপ-২০ সম্মেলনে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের পক্ষে নেতৃত্বের ভূমিকা পালন করেছে।

২০০৯ সনে কোপেনহেগেন এ কপ-১৫ তে গৃহীত সিদ্ধান্তের আলোকে ২০১০ সনে মেক্সিকোর কানকুনে অনুষ্ঠিত কপ-১৬ তে UNFCCC এর আওতায় জলবায়ু তহবিল বা Green Climate Fund (GCF) গঠিত হয়। উক্ত তহবিল পরিচালনার জন্য একই সভায় ২৪ সদস্য বিশিষ্ট Green Climate Fund Board গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। বিভিন্ন সময়ে অনুষ্ঠিত আন্তর্জাতিক জলবায়ু সম্মেলনগুলোতে বাংলাদেশের সক্রিয় ও উদ্যোগী ভূমিকার কারণে স্বল্পোন্নত বা LDC গ্রুপ এর প্রতিনিধি হিসেবে তৎকালীন সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং বর্তমানে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব এবং জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান উক্ত বোর্ডের বিকল্প সদস্য মনোনীত হন।

ইতোমধ্যে গ্রীন ক্লাইমেট ফান্ডে ১০.২ বিলিয়ন মার্কিন ডলার সংগৃহীত হয়েছে। বাংলাদেশসহ জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্থ দেশসমূহ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় উক্ত ফান্ড হতে আর্থিক সহযোগিতা পাবে। জলবায়ু পরিবর্তনের ফলে অন্যতম ক্ষতিগ্রস্থ দেশ হিসেবে বাংলাদেশ উক্ত তহবিল হতে অর্থ (অনুদান) প্রাপ্তিতে অগ্রাধিকার রয়েছে। গ্রীন ক্লাইমেট ফান্ড বোর্ডের নবম সভা আগামী ২৪-২৬ মার্চ, ২০১৫ তারিখে গ্রীন ক্লাইমেট ফান্ডের সদর দপ্তর রিপাবলিক অব কোরিয়া (দক্ষিণ কোরিয়া) এর সংডো (Songdo) তে অনুষ্ঠিত হবে। বর্ণিত নবম সভায় গ্রীন ক্লাইমেট ফান্ড বোর্ডের বিকল্প সদস্য হিসেবে স্বল্পোন্নত দেশের মনোনীত প্রতিনিধি সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব মোঃ নজিবুর রহমান অংশগ্রহণ করবেন। উক্ত সভায় GCF এর তহবিল থেকে বিভিন্ন দেশের জন্য অনুদান প্রদানের নীতিমালা, অনুদানের মাধ্যম হিসেবে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান ও জাতীয় সংস্থাসমূহ নির্বাচন, অনুদান ব্যবহারের নীতিমালা ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ের কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় আপনাকে অনুরোধ করা হলো।

২২/৩/২০১৫

(সৈয়দ এ মু'মেন)
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন-০১৭৫৮৮৭১০৭১

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।